

03 FEB 1987

তারিখ

নি

পৃষ্ঠা



উপজেলা পরিক্রমা মেহেরপুর

মেহেরপুর, ২
(সংবাদদাতা)।— মেহেরপুর সদর থেকে ৮ মাইল দূরে গাঁথনী উপজেলা সদর অবস্থিত। এই উপজেলার আয়তন ১৩৩ বর্গমাইল। মোট লোকসংখ্যা ২ লাখ ১৪ হাজার ২শ' ৪৮ জন। ৯টি ইউনিয়ন, ১০৩টি মৌজা, ১২৭টি গ্রাম এবং ৭টি তহসীল অফিস নিয়ে এই উপজেলা গঠিত। এই উপজেলার পশ্চিমে জেলা সদর মেহেরপুর, পূর্বে মিরগুর, উত্তরে দৌলতপুর এবং দক্ষিণে আলমডাঙ্গা উপজেলা অবস্থিত।

কৃষি ব্যবস্থা
দেশের অন্যান্য জেলার ন্যায় এ উপজেলাও কৃষি প্রধান। জনসংখ্যার ৮৫% লোক কৃষি নির্ভর। এখানে ধান, গম, আখ, পাট, তামাক, তুলা, সকল প্রকার ঝৰি শস্য এবং বিভিন্ন প্রকারের তেল-বীজ ও শাক-সবজীর আবাদ হয়ে থাকে। এই উপজেলার মোট আবাদী জমির পরিমাণ ৮৫,১২০ একর।

শিক্ষা ব্যবস্থা
এই উপজেলার শিক্ষার হার মাত্র শতকরা ১৭% ভাগ। বর্তমানে এই উপজেলায় ১টি মহাবিদ্যালয়, ১০টি উচ্চ মাধ্যমিক (বালক) ও ১০টি উচ্চ মাধ্যমিক (বালিকা) বিদ্যালয়, ৯টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ৭৬টি সরকারী এবং ২২টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, সিনিয়র মাদ্রাসা ২টি, দাখেল মাদ্রাসা ৩টি এবং এবতেদায়ী মাদ্রাসা ১০টি। শিক্ষা প্রতিষ্ঠানগুলো অন্তর্ভুক্ত সমস্যায় জর্জরিত।

স্বাস্থ্য
উপজেলা সদরে ৩১ শয়া বিশিষ্ট ১টি স্বাস্থ্য প্রকল্প রয়েছে। এখানে ৫ জন ডাক্তার কর্মরত আছেন। এ ছাড়াও ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ৬টি, সম্প্রসারিত টিকাদান কেন্দ্র ১টি, উপকেন্দ্র ৪টি, বেসরকারী স্বাস্থ্য বিষয়ক সংস্থা ১টি। সদরে পরিবার পরিকল্পনা প্রশিক্ষণ কেন্দ্র ১টি, পশ্চিম চিকিৎসা কেন্দ্র ১টি। উপজেলা স্বাস্থ্য

প্রকল্পে প্রতিদিন চিকিৎসার জন্য ১৫০ থেকে ১৬০ জনের মত রোগী এসে থাকে। এদের নামেমাত্র ঔষধ দেয়া হয়ে থাকে।

যোগাযোগ
এই উপজেলার যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ সড়ক নির্ভর। মেহেরপুর থেকে কৃষ্ণনগর পর্যন্ত সড়ক ও জনপথ বিভাগের নির্মিত পাকা রাস্তাটি উপজেলার যোগাযোগের প্রাণকেন্দ্র। এই উপজেলায় পাকা রাস্তা ১৩ মাইল, আধা পাকা রাস্তা ৩ মাইল, কাঁচা রাস্তা ৬৩৪ মাইল। ইউনিয়ন পরিষদের অন্তর্গত আমসমূহের রাস্তাগুলোর আশু সংস্কার প্রয়োজন। প্রত্যন্ত অঞ্চলের রাস্তাটি, পুল, কালভাটি নির্মাণের গতি অত্যন্ত মাঝে হওয়ায় গ্রামাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত ক্ষয়।

শিল্প
এ উপজেলায় কোন শিল্প-কারখানা গড়ে উঠেনি। গাঁথনী উপজেলায় ৩০টি হস্তচালিত তাত শিল্প রয়েছে। এলাকার তাতাদের প্রশিক্ষণের জন্য উপজেলা কমপ্লেক্সের মধ্যে ১টি তাত শিল্প রয়েছে এবং ১টি মহিলা কুটির শিল্প রয়েছে।

হাট-বাজার
এ উপজেলায় হাট-বাজারসহ মোট ১১টির মত হাট রয়েছে। হাট-বাজারগুলোর প্রয়োজনীয় সংস্কার ও রক্ষণাবেক্ষণের অভাবে বিভিন্ন সমস্যার আবর্তে নিয়ন্ত্রিত।

বিদ্যুৎ
গাঁথনী উপজেলা সদর ও কিছু কিছু গ্রাম এলাকায় বিদ্যুৎ ব্যবস্থা চালু থাকলেও অতিরিক্ত লোড শেডিং-এর জন্য নিয়মিত বিদ্যুৎ সরবরাহ থাকে না। এ কারণে অফিস-জাদালত, দোকান-পাট, কল-কারখানার বিভিন্ন অসুবিধা বিরাজমান। বিশেষ করে হাত-হাতীদের লেখাপড়ার দারুণ ক্ষতি হচ্ছে। বর্তমানে এই উপজেলায় পল্লী বিদ্যুতের কাজ পুরোদয়ে এগিয়ে চলেছে।